পরিচালকমণ্ডলীর প্রতিবেদন

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আস্‌সালামু-আলাইকুম ওয়া রহ্‌মাতুল্লাহ ।

কোম্পানির পরিচালকমন্ডলীর পক্ষ থেকে ২০১৪-২০১৫ইং অর্থ-বছরের বার্ষিক প্রতিবেদন, নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষকবৃন্দের প্রতিবেদন আপনাদের সদয় বিবেচনা এবং অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো ।

০২ । **কোম্পানির বিষয়াদির অবস্থা ঃ**

২.১ । **পরিচিতি ঃ**

কোম্পানিটি ১৯৮১ইং সালে গাজীপুরস্থ কালিয়াকৈর থানার চন্দ্রায় স্থাপিত হয় এবং বানিজ্যিক উৎপাদন শুরু হয় জুলাই ১৯৮৪ সালে । ফার্মা এইড্‌স লিমিটেড শুধুমাত্র নিউট্রাল গ্লাস এ্যাম্পুল (Neutral Glass Ampoule) উৎপাদন করে দেশীয় ও বহুজাতিক ঔষধ কোম্পানিগুলোতে সরবরাহ করে আসছে । কারখানার জমির মোট আয়তন ১৭,২৮০ বর্গফুট, যার মধ্যে ১৩,২১২ বর্গফুট এলাকা উৎপাদন, গুদাম ও সংশ্লিষ্ট কাজে ব্যবহৃত হচ্ছে ।

২.২ । **মানব সম্পদ ঃ**

কোম্পানিতে বর্তমানে সর্বমোট ৫৫ জন স্থায়ী কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক নিয়োজিত আছেন । প্রতিষ্ঠানের সকল পর্যায়ের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকগনের মধ্যে সুসম্পর্ক বজায় রয়েছে । বাস্তব অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে এ জনবল দিনে দিনে মানব সম্পদে পরিনত হয়েছে ।

২.৩ । **উৎপাদন ও বিক্রয় ঃ**

কোম্পানি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে বর্তমান বছরেই সর্বোচ্চ উৎপাদন ও বিক্রয় করতে সমর্থ হয়েছে । গত বছর উৎপাদন ছিল ৬৬৮.৬০ লক্ষ পিস এ্যাম্পুল ও নীট বিক্রয় হয়েছিল ১,২৫৮.০৭ লক্ষ টাকা । আলোচ্য বছরে উৎপাদন হয়েছে ৭৬৩.৩৩ লক্ষ পিস এ্যাম্পুল ও নীট বিক্রয় হয়েছে ১,৪৬৭.০৪ লক্ষ টাকা, যা গত বছরের তুলনায় যথাক্রমে ১৪.১৭% এবং ১৬.৬১% বেশী । গত জানুয়ারী ২০১৫ থেকে মার্চ ২০১৫ পর্যন্ত লাগাতার অবরোধ/আন্দোলনের কারণে দেশের ব্যবসা-বানিজ্যসহ সর্বক্ষেত্রেই চরম অস্থিরতা ও অস্থিতিশীল পরিবেশ তৈরী হয়েছিল । সঙ্গত কারণে উৎপাদন ও বিক্রয় অনেকাংশেই হ্রাস পেয়েছিল, যা বর্তমানেও অব্যাহত রয়েছে । আমরা আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছি যাতে আগামীতে কোম্পানির অবস্থা আরও উন্নতি করতে পারি । এব্যাপারে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা একান্ত কাম্য ।

০৩ । **আর্থিক ফলাফল ঃ**

গত ৫ (পাঁচ) বছরের তুলনামূলক আর্থিক ফলাফল নিম্নে প্রদত্ত হলো ঃ

*** (হিসাব লক্ষ টাকায়)**

খাতসমূহ	২০১০-২০১১	২০১১-২০১২	২০১২-২০১৩	২০১৩-২০১৪	২০১৪-২০১৫
মোট উৎপাদন (লক্ষ পিস)	৬৩২.১৫	৬৮১.৭৮	৫৭৯.৫২	৬৬৮.৬০	৭৬৩.৩৩
উৎপাদন খরচ *	৬৫৮.৫৬	৭২৭.০৭	৭৪৪.০৫	৮২০.২৪	৯০৩.৮৬
নীট বিক্রয় *	৯৭৫.৮৮	১০৮২.৯০	৯৭৬.১৬	১,২৫৮.০৭	১,৪৬৭.০৪
সামগ্রীক লাভ *	৩১৭.৩২	৩৫৫.৮৩	২৩২.১১	৪৩৭.৮৩	৫৬৩.১৯
আয়করপূর্ব নীট লাভ/(ক্ষতি) *	১৮৪.৫৬	২০৯.৯২	৫৯.৭০	২৩৯.৯৫	৩৫৭.৫২

০৪। **সাইজভিত্তিক উৎপাদিত পণ্যঃ**

এ্যাম্বার + ক্লিয়ার	পরিমাণ (লক্ষ পিস)
১এমএল	১৭৪.৫৬
২এমএল	২৩২.৮৮
৩এমএল	১০৭.২১
৫এমএল	১১২.২০
১০এমএল	১২৭.৭৫
২৫এমএল	৭.৯৭

	৭৬৩.৩৩
	=====

০৫। **বকেয়া আবগারী শুল্ক ঃ**

১৯৮৪-১৯৮৯ অর্থ-বছরসমূহের ১২.৩৯ লক্ষ টাকার বকেয়া আবগারী শুল্ক সংক্রান্ত প্রতিবেদন বিগত বছরসমূহে আপনাদেরকে অবহিত করা হয়েছে। মামলাটি এখনও নিস্পত্তি হয়নি।

০৬। **আয়কর ঃ**

(ক) ২০০৪-২০০৫ইং অর্থ বছরে (২০০৫-২০০৬ কর বছর) বার্ষিক সভায় কোম্পানির হিসাব অনুমোদনের পর রিটার্ন দাখিল করা হয়েছে। উপ-কর কমিশনার মহোদয় অযৌক্তিকভাবে কতিপয় খরচ Disallow করেছেন। আমরা উপ-কর কমিশনার মহোদয়ের আদেশের বিরুদ্ধে ন্যায় বিচারের জন্য আপিল দায়ের করেছি যা এখনও প্রক্রিয়াধীন রয়েছে।

(খ) ২০০৫-২০০৬ইং অর্থ বছরে (২০০৬-২০০৭ কর বছর) নির্ধারণী আদেশ চুড়ান্ত করে "শূণ্য" দাবিনামা প্রেরন করেছিলেন। কিন্তু বিগত ২৯-০৮-২০১০ইং তারিখে উক্ত বছরের জন্য অযৌক্তিকভাবে ১২.৩৮ লক্ষ টাকা বকেয়া কর দাবি করে একটি নোটিশ আমাদের বরাবরে প্রেরণ করেন। আমরা যথাযথ কর্তৃপক্ষের সাথে এ সমস্যা সমাধানের চেষ্টা চালিয়ে যাচ্ছি।

(গ) ২০১২-২০১৩ কর বছরের রিটার্ন ৮২বিবি ধারা অনুযায়ী দাখিল করা হয়েছে।

(ঘ) ২০১৩-২০১৪ কর বছরের রিটার্ন ৮২বিবি ধারা অনুযায়ী দাখিল করা হয়েছে। কর কর্তৃপক্ষ রিটার্নটি অডিটের (Field Audit) জন্য নির্বাচিত করে কতিপয় খাতের প্রমানাদি দাখিল করার জন্য ১৫-০৯-২০১৪ইং তারিখে ৭৪৬৫৯৬২০৪৫২৩/ ১৪০-২০০-৪৫০০ / সাঃ৮৯ (কোং)/ কঅ-৫/ ২০১৪- ২০১৫ নং নথির মাধ্যমে অনুরোধ করেছেন। আমরা তাদের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় প্রমানাদিসহ শুণানীতে হাজির হয়েছি। সিদ্ধান্ত এখনও প্রক্রিয়াধীন।

(ঙ) ২০১৪-২০১৫ কর বছরের রিটার্ন সাধারণ নিয়মে দাখিল করা হয়েছে। কর কর্তৃপক্ষের ০৫-০৩-২০১৫ইং তারিখের ৭৪৬৫৯৬২০৪৫২৩/সাঃ ৮৯(কোং)/২০১৪-২০১৫ নং নথি অনুযায়ী প্রয়োজনীয় প্রমানাদিসহ শুণানীতে হাজির হয়েছি। সিদ্ধান্ত এখনও প্রক্রিয়াধীন রয়েছে।

০৭। **পরিচালকগণের অবসর গ্রহণ ও পূনঃনিয়োগ ঃ**

কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশনের ১৩৫ অনুচ্ছেদ অনুযায়ী চক্রানুক্রমে পরিচালকমন্ডলী হতে জনাব এম, এ, মাসুদ এবছর অবসর গ্রহন করছেন। তিনি পুনঃনিয়োগের যোগ্য হওয়ায় নিয়োগ প্রাপ্তির জন্য আগ্রহ প্রকাশ করেছেন।

০৮। **স্বতন্ত্র পরিচালক নিয়োগঃ**

স্বতন্ত্র পরিচালক, জনাব মোঃ সুলতান আহমেদ, অবসর গ্রহণ করায় তাঁর পরিবর্তে জনাব মোঃ সায়েদূর রহমান- কে ০১-০৭-২০১৫ইং তারিখ থেকে স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে।

০৯। **কোম্পানির অভ্যন্তরীন নিরীক্ষক নিয়োগঃ**

কোম্পানির এক্সিকিউটিভ ডাইরেক্টর, জনাব শাফিউল হাসান আশিক ০১-০৭-২০১৫ইং তারিখ থেকে অভ্যন্তরীন নিরীক্ষকের দায়িত্ব পালন করে আসছেন।

১০। **ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের পারিশ্রমিক ও অন্যান্য সুযোগ-সুবিধা ঃ**

দেশের সার্বিক অবস্থা এবং অন্য সকল কোম্পানির দেয়া পারিশ্রমিক বিবেচনা করে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ০১-০৭-২০১৫ ইং থেকে তাঁর মাসিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পারিশ্রমিক বৃদ্ধিসহ অন্যান্য সুযোগ সুবিধা সময়োপযোগী করার জন্য অনুরোধ করেছেন।

১১। **লভ্যাংশ ঘোষনা ঃ**

আলোচ্য ২০১৪-২০১৫ হিসাব বছরে কর পূর্ববর্তী ৩৫৭.৫২ লক্ষ টাকা নীট মূনাফা অর্জিত হয়েছে। আলোচ্য বছরের কর এবং সি এস আর ফান্ড পরবর্তী ২৫৪.৭৩ লক্ষ টাকা মূনাফা থেকে মোটামুটি ৬৯.৩৮% Reserve & Surplus Fund রেখে পরিচালনা পর্ষদ বিনিয়োগকারীদের স্বার্থে বাকী প্রায় ৩০.৬২% মূনাফা, অর্থাৎ ২৫% হারে নগদ লভ্যাংশ সুপারিশ করেছেন।

১২। **নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ ঃ**

২০১৫-২০১৬ইং অর্থবছরের জন্য মেসার্স আর্টিসান, চার্টার্ড একাউন্ট্যান্টস, বিএসইসি ভবন (১০ তলা), ১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা - ১২১৫, নিরীক্ষক হিসেবে নিয়োগ লাভের ইচ্ছা প্রকাশ করায় পরিচালনা পর্ষদ তাদের পারিশ্রমিক বার্ষিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা নির্ধারণপূর্বক নিরীক্ষক নিয়োগের সুপারিশ করেছেন।

১৩। **কর্পোরেট গভার্নেন্স এর শর্ত প্রতিপালনঃ**

সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর ০৯-০১-২০০৬ইং তারিখের SEC/ CMRRCD/ 2006-158/ Admin / 02-06 নং আদেশ এবং ০৭-০৮-২০১২ইং তারিখের SEC /CMRRCD /2006-158/ 134/Admin / 44 নং আদেশে উল্লেখিত নির্দেশাবলীর মোটামুটি সবগুলো শর্ত প্রতিপালন সম্পন্ন করা হয়েছে। ANNEXURE : I-VII মধ্যে কোম্পানির কর্পোরেট গভার্নেন্স এর অবস্থান সন্নিবেশিত হয়েছে।

১৪। **নিরীক্ষকের মন্তব্যের উপর ব্যাখ্যাঃ**

নিরীক্ষক তাদের প্রতিবেদনে কোম্পানির হিসাবের উপর কোন ধরনের বিরূপ মন্তব্য প্রকাশ করেননি।

১৫। **অডিট কমিটির কার্য্যক্রমঃ**

আলোচ্য ২০১৪-২০১৫ইং বছরে উক্ত কমিটির কোন বিরূপ প্রতিবেদন ছিল না। ১৮ নং পৃষ্ঠায় অডিট কমিটির সভাপতি মহোদয়ের একটি প্রতিবেদন দেয়া হয়েছে।

১৬। **<u>চলতি (২০১৫-২০১৬ইং) অর্থবছরের অবস্থা ঃ</u>**

জুলাই হতে নভেম্বর, ২০১৫ এই ৫ মাসে উৎপাদন হয়েছে ৩.১৪ কোটি পিস এ্যাম্পুল ও বিক্রয় হয়েছে ৬.০৬ কোটি টাকা। তবে উৎপাদন ও বিক্রয় আগামী মাসগুলোতে বৃদ্ধির আপ্রাণ চেষ্টা করা হচ্ছে এবং আমরা অত্যান্ত আশাবাদী।

উপসংহার ঃ

পরিচালকমন্ডলী সকল ক্রেতা প্রতিষ্ঠানসমূহ, সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, সংশ্লিষ্ট ব্যাংক, বিএসইসি ও ডিএসইসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী-শ্রমিকগণ এবং কোম্পানির অন্যান্য সকল সহযোগী প্রতিষ্ঠানসমূহের প্রতি আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন ও কৃতজ্ঞতা প্রকাশ করছেন।

পরিচালকমন্ডলীর পক্ষে,

ফায়েজুল হাসান

ব্যবস্থাপনা পরিচালক